# মৎস্য বার্তা

ইউএসএআইডি এর অর্থায়নে ওয়ার্ল্ড ফিশ বাংলাদেশ (দক্ষিY এশিয়া) এর সহায়তায়,ÔWfB wdm A¨vÛ A¨v‡KvqvKvjPvi di I‡qjweqs A¨vÛ wbDwUkbÕ (DAWN) প্রকল্প কক্সবাজার থেকে পরিচালিত কক্সবাজার জেলার পেকুয়া, টেকনাফ ও কক্সবাজার সদর উপজেলার র্মসূচির মাসিক বুলেটিন।

৯ সংখ্যা | ফেব্রুয়ারী-২০২০ খ্রিস্টাব্দ | ফাল্গুন-১৪২৬ বঙ্গাব্দ


## AvayobK c×wZ‡Z gvQ Pvl Kwi, A_©I cyó wbðZ Kwi



পেকুয়া উপজেলার বুধামাঝির ঘোনা, ফটো ক্রেডিট: ওসমান গণি, ইউএনএফ ছবি।

**DAWN** প্রকল্পের আওতায় কক্সবাজার জেলার তিন (০৩) টি উপজেলায় (কক্সবাজার সদর, পেকুয়া ও টেকনাফ) প্রকল্প কর্তৃক নির্বাচিত ১৩০০ জন উদ্যোক্তাদের মাঝে রুই মাছ-৭৫ টি মৃগেল-৭৫ টি কাতলা ১০০ টি তেলাপিয়া -১৮০ টি এবং মলা মাছ ২৫০ গ্রাম। **DAWN Project** এর সদস্য হওয়ার পর মাছ চাষের উপর ৩টি প্রশিক্ষণ, পুকুর পাড়ে ও বসত বাড়ির আঙ্গিনায় সবজি চাষ ১টা প্রশিক্ষণ, পুষ্টি উপাদানের ২টি প্রশিক্ষণ , হাইজিনের উপর ১টি প্রশিক্ষণ এবং জেন্ডারের উপর ১টি প্রশিক্ষণসহ মোট ৮ টি প্রশিক্ষণ গ্রহণ করে । সদস্যরা প্রশিক্ষণের পূর্বে পুকুরে সনাতন পদ্ধতিতে মাছ চাষ করতেন। পুকুরে সার, চুন এবং লবণ দেয়ার কারনগুলো জানতনা। জানত না পুকুরে অক্সিজেন ঘাটতি কিভাবে দূর করতে হয়। শীতকাল আসলে মাছ ক্ষত রোগে আক্রান্ত হত ও মারা যেত। বর্তমানে প্রশিক্ষণ পাওয়ার পর বুঝতে পারে কেন মাছ ক্ষত রোগে আক্রান্ত হয় এবং অক্সিজেন ঘাটতি হয়? এখন প্রশিক্ষণ পাওয়ার পরে সদস্যরা নিজেই সবকিছুর পরিচর্যা করেন। এখন সদস্যরা মাছ চাষ করে পারিবারিক পুষ্টির চাহিদা পূরণসহ আর্থিক ভাবে লাভবান হচ্ছে।

## নিরাপদ শুটকি মাছ উৎপাদনের প্রযুক্তি প্রদর্শনী

উক্ত প্রকল্পের আওতায় এক (০১) দিন ব্যাপি কক্সবাজার বাণিজ্য মেলায় নিরাপদ শুঁটকি মাছ উৎপাদনে প্রযুক্তির ব্যবহার বিষয়ক একটি প্রদর্শনী এর আয়োজন করা হয়। উক্ত প্রদর্শনী মেলায় নিরাপদ শুটকি উৎপাদনের বিভিন্ন পদ্ধতি/ধাপ হাতে কলমে আগত দর্শনার্থীদের দেখানো হয়। এছাড়াও মেলায়/প্রদর্শনী স্টলে প্রতীকি মাছ শুকানোর ড্রায়ার ও নেট মাচা প্রযুক্তি প্রদর্শনের জন্য রাখা হয়। এছাড়াও প্রকল্পের বিভিন্ন লিফলেট ও ম্যানুয়ালআগত উপস্থিতির জন্য রাখা হয়। মেলায় প্রকল্পের সকল ফিল্ড স্টাফ/কর্মকর্তা ইপস্থিত ছিলেন। মেলায় আরও উপস্থিত ছিলেন ওয়ার্ল্ড ফিস প্রতিনিধি যিনি মেলার




*কক্সবাজার সদর উপজেলায় অনুষ্ঠিত বাণিজ্য মেলায় নিরাপদ শুঁটকি মাছ উৎপাদনে প্রযুক্তির ব্যবহার, ফটো ক্রেডিট: শামীম হোসেন, ইউএনএফ।*

উদ্বোধনী ঘোষণা করেন। এছাড়াও গণমাধ্যম ব্যক্তিরাও উপস্থিত ছিলেন। মেলায় প্রদর্শনী স্টলের প্রতি অনেকেরই আকর্ষণ/আগ্রহ প্রকাশ করতে দেখা যায়। নিরাপদ শুঁটকি খাওয়ার প্রতি অনেকেরই বেশ কৌতুহল পরিলক্ষিত হয় যা আশাব্যঞ্জক।

## mewR †ÿ‡Z †m· †d‡ivgb dvù e¨env‡ii Ki‡ev wbivc` mewR Lv‡ev



*কক্সবাজার সদর উপজেলার পিএমখালি : ফটো ক্রেডিট: জুবায়ের হোসেন, ইউএনএফ; সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহারের মাধ্যমে ফলন বৃদ্ধির উদ্দেশ্যে*

প্রকল্পের আওতায় মোট ১৩০০ জন সদস্যকে সবজী চাষের জন্য মিষ্টি কুমড়া, লাউ, পুঁইশাক, কমলা শাসঁযুক্ত মিষ্টি আলুর লতা, পেঁপে ও লেবুর চারার বীজ গ্রহন করেন। DAWN প্রকল্পের আওতায় নিরাপদ ও বিষমুক্ত সবজি উৎপাদনের লক্ষ্যে মোট ২০০ টি সেক্স ফেরোমন ফাঁদ প্রকল্পের অওতায় পেকুয়া, টেকনাফ ও কক্সবাজার সদর উপজেলার নির্বাচিত সদস্যেদের মাঝে বিতারণ করা হয়। এর ফলে উদ্যোক্তারা ক্ষতিকর ও কীটনাশক দ্রব্য ব্যবহার ছাড়াই সারা বছর নিরাপদ সবজি উৎপাদন করছেন ।



পেকুয়া উপজেলার বারইয়াকাটা : ফটো ক্রেডিট : ওসমান গণি , ইউএনএফ; সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহারের কৌশল

বর্তমানে বাংলাদেশে নিরাপদ ও বিষমুক্ত সবজির চাহিদা ব্যাপক এবং অনেক পুষ্টিগুণসম্পন্ন বিশেষ করে পুষ্টির চাহিদা পুরণে এটি ব্যাপক ভূমিকা পালন করে। প্রকল্প কর্তৃক স্থাপিত বেড়ে ও মাচায় সবজি উদ্যোক্তারা নিরাপদ সবজি উৎপাদন শুরু করেছেন যা অত্র অঞ্চলে ব্যাপক সাড়া ফেলবে বলে আশা করা হচ্ছে।

## grm¨ Pv‡li cÖwk¶Y, grm¨Pvlx‡`i Dbœqb



টেকনাফ উপজেলা , ফটো ক্রেডিট : মাহবুব আলম; অংশগ্রহণকারীদের নিয়ে প্রশিক্ষণের ছবি।

কোস্ট ট্রাস্ট কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত ÒW¤cB wdm GÛ A¨vKzqvKvjPvi di I‡qj‡es GÛ wbDwUªkbÓ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে প্রকল্প নির্বাচিত সদস্যদের মাঝে মৎস্য চাষ এর আধুনিক কলাকৌশল, পুষ্টি, পুকুরপাড়ে সবজি চাষ, হাইজিন ও জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ প্রদান কর্মসূচী শুরু হয়। এই প্রশিক্ষণ কর্মসূচী প্রকল্পের কর্মএলাকার নির্বচিত প্রতিটি গ্রুপকে মোট ৮ টি সেশন/মডিউল এর উপর প্রশিক্ষণ প্রদান করা হবে অর্থ্যাৎ প্রতিটি গ্রুপ এর সদস্যরা ৮ টি মডিউলের উপর প্রশিক্ষণ পাবেন। মডিউল এর ক্রমধারা গুলো নিম্নরুপঃ

| gwWDj-1 | gwWDj-2 | gwWDj-3 | gwWDj-4 | gwWDj-5 I 6 | gwWDj-7 | gwWDj-8 |
|---|---|---|---|---|---|---|
| পুকুরে পোনা মজুদ পূর্ববর্তী ও মজুদকালীন ব্যবস্থাপনা | পুকুরে পোনা মজুদ পরবর্তী ব্যবস্থাপনা | পুকুরে মাছ চাষে কিছু সাধারণ সমস্যা ও প্রতিকার, আহরণ, বাজারজাতকরণ ও লাভ-ক্ষতি হিসাব | পুকুর পাড়ে সবজি চাষ | ঈুষ্টি | হাইজিন | জেন্ডার |

প্রতিটি গ্রুপ থেকে ২০ জন করে নিয়ে ১ টি ব্যাচ তৈরি করে সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে প্রশিক্ষণ দেয়ার দায়িত্বটি মূলত পালন করবেন প্রতিটি ইউনিয়ন সংশ্লিষ্ট ইউনিয়ন নিউট্রিশন ফ্যাসিলিটেটরগণ এবং উপজেলা নিউট্রিশন এন্ড অ্যাকোয়াকালচার কর্মকর্তা প্রায় প্রতিটি সেশনে তাদেরকে প্রশিক্ষণ প্রদানে সহায়তা করবেন। উল্লেখ্য যে, অদ্য ২৯/০২/২০২০ ইং পর্যন্ত মৎস্য চাষ বিষয়ক মোট ৫২০ টি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে। চলতি মাসে মোট ২০ টি মডিউলের উপর প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে যার মোট উপকারভোগীর সংখ্যা ৬৩০ জন (পুরুষ- ৩৩৪ জন ও নারী- ২৯৬ জন)। এতে করে সংশ্লিষ্ট উপকারভোগীদের মধ্যে যাদের পুকুর আছে কিন্তু মৎস্য চাষের আধুনিক প্রযুক্তি সম্পর্কে জানতেন না তারা অনেক বেশি উপকৃত হচ্ছেন ও কর্মএলাকার অন্যান্য মাছ চাষীরাও উদ্বুদ্ধ হয়ে উঠছেন। এতে করে অত্র এলাকার মাছের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে ও উপকারভোগীরা স্বাবলম্বী হয়ে উঠার স্বপ্ন দেখছেন। সংশ্লিষ্ট উপজেলা মৎস্য বিভাগ এই রকম উদ্যোগ আরও বেশি বেশি নেয়ার উপর গুরুত্বারোপ করেছেন।

## cÖ‡íi i mdjZvq gvwmK Kvóvi wgwUs



পেকুয়া উপজেলা , ফটো ক্রেডিট : কামরুন্নেছা , সিডিও; সভায় অংশগ্রহণকারীদের নিয়ে ওয়ার্ল্ড ফিস প্রতিনিধিসহ ছবি।

কোস্ট ট্রাস্ট কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত ÒW¤cB wdm GÛ A¨vKzqvKvjPvi di I‡qj‡es GÛ wbDwUªkbÓ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে উপজেলাভিত্তিক এক (০১) টি করে মাসিক সভা অনুষ্ঠিত হয়। মূলত এই সভার আয়োজন করেন উপজেলা নিউট্রিশন অ্যান্ড অ্যাকোয়াকালচার কর্মকর্তা এবং তাঁর সকল ইউনিয়ন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে। এই সভায় নিম্নোক্ত ফলাফলসমূহ দেখা যায়-

- প্রকল্প সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদের কাজের লক্ষ্যমাত্রা ও অর্জণ এবং এর বিশ্লেষণ।
- প্রকল্প সংশ্লিষ্ট সবাই বিশেষ করে মাঠ পর্যায়ের কর্মীরা তাদেও কাজের অগ্রগতি, বাধাসমূহ, কোথায় লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি এবং সেক্ষেত্রে করণীয় সম্পর্কে অবহিত হতে পারে।
- এর ফলে সকলে দৈনিক/সাপ্তাহিক/মাসিক কর্মপরিকল্পনা সাজিয়ে নিতে পারে ও সেই অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে পারে।

## পুষ্টি নিয়ে স্কুলে স্কুলে কোস্ট ট্রাস্ট




*কক্সবাজার সদর উপজেলা, ফটো ক্রেডিট: শামীম হোসেন,ইউএনএফ; চৌফলদন্ডি আদর্শ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে স্কুল সেশনে অংশগ্রহণকারীদের নিয়ে ওয়ার্ল্ড ফিস প্রতিনিধিসহ ছবি।*

DAWN প্রকল্পের আওতায় মোট ১৪ টি স্কুল সেশন অনুষ্ঠিত হবে যার মধ্যে ২৯/০২/২০২০ ইং পর্যন্ত মোট ১১ টি স্কুল সেশন সম্পন্ন হয়েছে। উক্ত অনুষ্ঠানে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাসহ বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এই কার্যক্রমের লক্ষ্য হলো স্কুলের শিক্ষার্থীদের বিশেষ করে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী পর্যন্ত মোট ১০০ জন শিক্ষার্থী ও ২০ জন করে শিক্ষকসহ মোট ১২০ জন অংশগ্রহণকারীদের নিয়ে খাদ্য ও পুষ্টি এর উপর সচেতনতামূলক আলোচনা অনুষ্ঠান। এই মাসে দুই (০২) টি স্কুল সেশন অনুষ্ঠিত হয়েছে যার মোট উপস্থিতি ছিল ২৩২ জন (পুরুষ/কিশোর-৬৪ নারী/কিশোরী-১৬৮)। এর মধ্যে শিশু ও কিশোরদের কি ধরনের খাবার খেতে হবে, কোন খাবারে কি ধরণের পুষ্টি আছে বা আমরা পাই, কোনটি ব্রেইন এর অত্যাবশ্যকীয় ইত্যাদি। আলোচনায় আরও উঠে আসে গর্ভবর্তী মায়ের পরিচর্যা , দুগ্ধবর্তী মায়ের পরিচর্যা ,০-৬ মাস, ৭-২৪ মাস শিশুর পরিচর্যা. কিশোরি বয়সে করণীয়, এর উপর বিস্তারিত আলোচনো। আলোচনা করার পর এই আলোচনোর উপর পরীক্ষা নেওয়া হয় । পরীক্ষ দুই ভাবে নেওয়া হয় ১. লিখিত পরীক্ষা নবম শ্রেণী ও দশম শ্রেণী ৫০ জন , ২. এম সি কিউ ৮ম শ্রেণী, ৭ম শ্রেণী, ৬ষ্ট শ্রেণী ৫০ জন, মোট ১০০ জন অংশগ্রহন করেন । দুই বিভাগ থেকে ১ম, ২য়, ৩য় মোট ৬ জন নির্বাচিত করা হয় ও তাদের মাঝে পুরুস্কার বিতারণ করা হয়, তা ছাড়াও সবার মাঝে সান্তনা পুরুস্কার দেওয়া হয়।

### কোস্ট ট্রাস্ট কর্তৃক উপজেলায় বাস্তবায়িত ড্রাই ফিশ অ্যান্ড অ্যাকোয়াকালচার ফর ওয়েলবিয়িং অ্যান্ড নিউট্রিশন প্রকল্পের আওতায় gwmK Uv‡M©U I ARb©, ‡deªæqvwi-2020

| ক্রম | কাজের নাম | টার্গেট | অর্জন |
|---|---|---|---|
| ০১ | মাসিক ক্লাষ্টার মিটিং | ০৩ | ০৩ |
| ০২ | মৎস্য চাষ প্রশিক্ষণ | ২০ | ২০ |
| ০৩ | স্কুল সেশন | ২ | ২ |
| ০৪ | নিরাপদ শুঁটকি উৎপাদন প্রদর্শনী | ১ | ১ |
| ০৫ | নিউজলেটার | ০১ | ০১ |
| ০৬ | সেক্স ফেরোমন ফাঁদ বিতরণ | ২০০ | ২০০ |

এই প্রকাশনাটি প্রস্তুতকরনে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করেছেন প্রকল্পের সকল সহকর্মী।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগ:

kvnRv`v nvmeyi ingvb
নিউট্রিশন ও অ্যাকোয়াকালচার সমন্বয়কারী, DAWN প্রকল্প,
কোস্ট ট্রাস্ট, কক্সবাজার সিএক্সএমটিসি, মোবাইল: ০১৭০৮-১২০৩৯৪
Email: hasibur@coastbd.net
rahman.hasib.coast@gmail.com
www.Coastbd.net